# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৪

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. পানিতে নাপাক মিশ্রিত হলে তার হুকুম

بَابُ حُكْمِ الْمَاءِ إِذَا لَاقَتْهُ النَّجَاسَةُ

আরবী

نَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَلِيٍّ ، وَبَرْهَانٌ مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ الْحَسَنِ الدِّينَوَرِيُّ ، قَالَا : حَدَّثَنَا عُمَيْرُ بْنُ مِرْدَاسٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بُكَيْرٍ الْحَضْرَمِيُّ ، حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ عَبْدِ اللَّهِ الْعُمَرِيُّ ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " إِذَا بَلَغَ الْمَاءُ أَرْبَعِينَ قُلَّةً فَإِنَّهُ لا يَحْمِلُ الْخَبَثَ " . كَذَا رَوَاهُ الْقَاسِمُ الْعُمَرِيُّ ، عَنِ ابْنِ الْمُنْكَدِرِ ، عَنْ جَابِرٍ ، وَوَهِمَ فِي إِسْنَادِهِ ، وَكَانَ ضَعِيفًا كَثِيرَ الْخَطَإِ ، وَخَالَفَهُ رَوْحُ بْنُ الْقَاسِمِ ، وَسُفْيَانُ الثَّوْرِيُّ ، وَمَعْمَرُ بْنُ رَاشِدٍ رَوَوْهُ ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو ، مَوْقُوفًا . وَرَوَاهُ أَيُّوبُ السَّخْتِيَانِيُّ ، عَنِ ابْنِ الْمُنْكَدِرِ مِنْ قَوْلِهِ لَمْ يُجَاوِزْهُ

বাংলা

৩৪. আবদুস সামাদ ইবনে আলী (রহঃ) ... জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পানি চল্লিশ মশক পরিমাণ হলে তা অপবিত্র হয় না।

আল-কাসিম আল-উমারী এই হাদীস ইবনুল মুনকাদির-জাবির (রাঃ) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। এর সনদসূত্রে সন্দেহ আছে। আল-কাসিম একজন দুর্বল রাবী এবং প্রচুর ভুলের শিকার হন। রাওহ ইবনুল কাসিম, সুফিয়ান আস-ছাওরী ও মা’মার ইবনে রাশেদ তার বিরোধিতা করেছেন। তিনি এ হাদীস মুহাম্মাদ ইবনুল মুনকাদির-আবদুল্লাহ ইবনে আমর (রাঃ) সূত্রে মওকুফরূপে বর্ণনা করেছেন। আইউব আস-সুখতিয়ানী এটিকে ইবনুল মুনকাদিরের সূত্রে তার বক্তব্য হিসেবে রিওয়ায়াত করেছেন, এর অতিরিক্ত নয়।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79823

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন